রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ২৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩০, ২০১৬

সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৬৩—৫৮১ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৩৩—৬৩৫ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৭—৯৩ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৭৭—৮০৭ | (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ চৈত্র ১৪২২/৩১ মার্চ ২০১৬

**নং ০৫.০০.০০০০.১৮২.২৭.০১০.১৫-৩৭৯**—যেহেতু, বেগম সুবর্ণা শিরিন (পরিচিতি নং ১৬৫৫১), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর বিরুদ্ধে গত ১৮-০২-২০১৫ তারিখ থেকে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং যথাযথ কর্তৃপক্ষের কারণ দর্শানো নোটিশের জবাব না দেয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) "অসদাচরণ (Misconduct)" ও ৩(সি) "ডিজারশন (Desertion)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে গত ১৮-০৮-২০১৫ তারিখের ০৫.০০. ০০০০.১৮২.২৭.০১০.১৫-৫৭৮ নং স্মারকে কারণ দর্শাতে বলা হয়। তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৩) অনুযায়ী আনীত অভিযোগ ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব হাবিব মোঃ হালিমুজ্জামান (পরিচিতি নং ৬০২১), উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়-কে আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ১৮-০২-২০১৬ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং অভিযুক্ত কর্মকর্তা "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)" এর দায়ে দোষী মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক কাগজপত্র ও সার্বিক বিষয়াদি পর্যালোচনায় তার বিরুদ্ধে গত ০৩-০৩-২০১৫ থেকে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং উক্ত সময়ে কর্তৃপক্ষের কারণ দর্শানো নোটিশের জবাব না দেয়ার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধিতে বর্ণিত "চাকরি হতে অপসারণ (Removal from Service)" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে ১৫-১১-২০১৫ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২০-০৩-২০১৬ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে তিনি জানান যে, তাঁর একটি ছেলে Autism Spectrum Disorder নামক রোগে আক্রান্ত। চিকিৎসকের মতে এ পরিস্থিতি কাটিয়ে উঠা সম্ভব এবং মায়ের নিবিড় সঙ্গ ও পরিসেবা তার বিশেষভাবে প্রয়োজন। একজন মা হিসেবে সন্তানের প্রতি তাঁর মমত্ববোধ থেকে পেশাদারিত্বের ক্ষেত্রে যদি কিছু ভুল হয়ে থাকে তবে তা তাঁর নিতান্তই অনিচ্ছাকৃত, অজ্ঞাত এবং অপরিক্কতা প্রসূত মর্মে তিনি উল্লেখ করেছেন। এজন্য তিনি আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা করে এ জাতীয় ভুল যাতে ভবিষ্যতে আর না হয় সে ব্যাপারে সর্বোচ্চ সচেষ্ট থাকবেন মর্মে জানিয়েছেন;

যেহেতু, পুনঃপর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তার একটি অটিস্টিক শিশু সন্তান রয়েছে। এ ধরনের একটি শিশু নিয়ে একজন মা যে রকম মানসিক অবস্থা অতিক্রম করেন তাতে তার পক্ষে সরকারি দায়িত্ব পালনের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হতে পারে। এ অবস্থায় তাকে "চাকরি হতে অপসারণ" করা হলে বা অন্য কোন গুরুদণ্ড আরোপ করা হলে সে গুরুতরভাবে মানসিক এবং সামাজিক ক্ষতির সম্মুখীন হবে। আবার চাকরিরত অবস্থায় বিনা অনুমতিতে এ ধরনের অনুপস্থিতিও গ্রহণযোগ্য নয়। চাকরিতে অর্পিত দায়িত্ব পালনে তার আরও মনোযোগী ও নিয়মানুবর্তী হওয়া প্রয়োজন;

সেহেতু, সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তা বেগম সুবর্ণা শিরিন (পরিচিতি নং ১৬৫৫১), সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)" এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে তাঁর অসুস্থ শিশু সন্তানের বিষয়টি মানবিক দৃষ্টিকোণ থেকে বিবেচনায় "চাকরি হতে অপসারণ" করার সিদ্ধান্ত পুনর্বিবেচনাপূর্বক তাঁকে একই বিধিমালার বিধি ৪(২)(এ) মোতাবেক "তিরস্কার (Censure)" লঘুদণ্ড প্রদান করা হল এবং ভবিষ্যতে কর্তব্যে আরও মনোযোগী ও নিয়মানুবর্তী হতে বলা হল। ০৩-০৩-২০১৫ তারিখ থেকে তাঁর অনুপস্থিতকাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

জনস্বার্থে জারীকৃতএ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ চৈত্র ১৪২২/৩১ মার্চ ২০১৬

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৫.১৫-১৬৭**—যেহেতু, জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (৬০১০), প্রাক্তন সচিব, জেলা পরিষদ, ময়মনসিংহ (বর্তমানে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ)-এর বিরুদ্ধে ময়মনসিংহ জেলা পরিষদের সচিবের দায়িত্ব পালনকালীন অফিসের কর্মকর্তা-কর্মচারীদের সাথে নানা রকম অনিয়ম, দুর্ব্যবহার ও অসদাচরণ, জেলা পরিষদের মোটর ক্লিনার জনাব তারা মিয়াকে মৌখিকভাবে সরকারি বাসার নৈশ প্রহরীর দায়িত্ব প্রদান এবং বাসায় চুরি হওয়ায় জোরপূর্বক তারা মিয়ার নিকট হতে অলিখিতভাবে ১৩,০০০/-(তের হাজার) টাকা আদায়, বাসভবনে নৈশ প্রহরী হিসেবে জেলা পরিষদের অফিস সহায়ক (এম. এল. এস. এস.) জনাব মোঃ আজিজুল হক-কে মৌখিকভাবে দায়িত্ব প্রদান, বাসার চুরির মামলায় থানায় জি.ডি. এন্ট্রি করা এবং নৈশ প্রহরীর দায়িত্ব পালনকারী জনাব আজিজুল হককে গ্রেফতার করার জন্য বলা, অফিসের গোপনীয় তথ্য নানা কৌশলে বাইরে প্রচার ও প্রকাশ করা এবং নিজেকে পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা পরিচয়ে সকলকে ধমক দেয়া ইত্যাদি অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) বিধিতে বর্ণিত এবং একই বিধিমালার ৩(বি) বিধি অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১১-০৬-২০১৫ তারিখে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তিনি গত ২৫-০৬-২০১৫ তারিখ কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে ০৪-০৮-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানি গৃহীত হয়;

যেহেতু, বিভাগীয় মামলার কৈফিয়তের জবাব এবং ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে ন্যায় বিচার নিশ্চিত করার লক্ষ্যে বিষয়টি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় জনাব মোঃ মোকাব্বির হোসেন (৫৫৪৮), যুগ্মসচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৬-০৩-২০১৬ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনের উপর ২০-০৩-২০১৬ তারিখে সুস্পষ্ট মতামতে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (৬০১০) এর বিরুদ্ধে আনীত অন্যান্য অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি, তবে চুরি যাওয়া মালামাল প্রতিস্থাপন বাবদ মোটর ক্লিনার জনাব তারা মিয়ার নিকট থেকে ১১,০০০/-(এগার হাজার) টাকা জনাব আউয়ালের উপস্থিতিতে আদায়ের অভিযোগ সাক্ষ্য প্রমাণ দ্বারা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে বিধায় এ ঘটনার জন্য জনাব আউয়াল দোষী মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ আবদুল আউয়াল (৬০১০), প্রাক্তন সচিব, জেলা পরিষদ, ময়মনসিংহ (বর্তমানে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(এ) অনুযায়ী 'তিরস্কার' (Censure) সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**সঞ্চয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ চৈত্র ১৪২২/০৫ এপ্রিল ২০১৬

**নং ০৮.০০.০০০০.০৪১.২৩.০২৮.০৩(অংশ)-৪৩**—The U.S Dollar Investment Bond Rules, 2002-এর বিধি-১৪ তে বর্ণিত বিধান অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৪-১১-২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং-অম/অসবি/সঞ্চয়/এস-১৮/২০০৩/২৮০ এর মাধ্যমে বিনিয়োগকারী গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি) হিসেবে নির্বাচিত নিম্নবর্ণিত ৬(ছয়) জন ব্যক্তির সিআইপি কার্ডের মেয়াদ আগামী ০১-০১-২০১৬ হতে ৩১-১২-২০১৬ তারিখ পর্যন্ত নবায়ন করা হ'ল:

| ক্রমিক নং | বিনিয়োগকারীর নাম | স্থায়ী ঠিকানা | বৈদেশিক ঠিকানা | ১ম সিআইপি নির্বাচনের তারিখ | নবায়নের তারিখ এবং মেয়াদ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (১) | সৈয়দ এ, কে আনোয়ারুজ্জামান | হাউস নং-এসই-৪, রোড নং-১৩৭, গুলশান-১, ঢাকা। | - | ১৫ জুলাই ২০০৮ | ০১-০১-২০১৬ - ৩১-১২-২০১৬ (এক বছর) |
| (২) | ড. কাজী গিয়াস উদ্দীন | ঠিকানা-৩/১ সিটিলেন আনন্দপুর, সাভার, ঢাকা। | ১-৪২-৩ মিনামী ম্যাগম, ওটন্ডকু, টোকিও, জাপান। | ১৫ জুলাই ২০০৮ | ০১-০১-২০১৬ - ৩১-১২-২০১৬ (এক বছর) |
| (৩) | জনাব আসিফ আহমেদ চৌধুরী | হাউজ নং-১০/এ, রোড নং-৭৯, গুলশান, ঢাকা। | ২৫১০ ভার্জিনিয়া এ্যাভিনিউ এপার্টমেন্ট নং-৫০৭ এন, ওয়াশিংটন ডিসি-২০০৩৭, ইউএসএ। | ৭ জানুয়ারি ২০১৫ | ০১-০১-২০১৬ - ৩১-১২-২০১৬ (এক বছর) |
| (৪) | জনাব আরিফ আহমেদ চৌধুরী | হাউজ নং-১০/এ, রোড নং-৭৯, গুলশান, ঢাকা। | ২৫১০ ভার্জিনিয়া এ্যাভিনিউ এপার্টমেন্ট নং-৫০৭ এন, ওয়াশিংটন ডিসি-২০০৩৭, ইউএসএ। | ৭ জানুয়ারি ২০১৫ | ০১-০১-২০১৬ - ৩১-১২-২০১৬ (এক বছর) |
| (৫) | বেগম সায়েরা চৌধুরী | হাউজ নং-১০/এ, রোড নং-৭৯, গুলশান, ঢাকা। | ২৫১০ ভার্জিনিয়া এ্যাভিনিউ এপার্টমেন্ট নং-৫০৭ এন, ওয়াশিংটন ডিসি-২০০৩৭, ইউএসএ। | ৭ জানুয়ারি ২০১৫ | ০১-০১-২০১৬ - ৩১-১২-২০১৬ (এক বছর) |
| (৬) | ডাঃ মোঃ আফতাব হোসেন | পরিজাত-৮৮, পাবলা ক্রস রোড নং-২, দৌলতপুর, খুলনা। | Dr. Md. Aftab Hossain MBBS, MRCGP (UK) Managing Director and Lead Clinician, Aston Healthcare Ltd. Liverpool, L36OUB. UK. Governing Body Member and Prescribing Lead, Knowsley CCG, NHS England. | ১৮ অক্টোবর ২০১৫ | ০১-০১-২০১৬ - ৩১-১২-২০১৬ (এক বছর) |

২। উল্লিখিত বিনিয়োগকারীগণ The U.S Dollar Investment Bond Rules, 2002-এর বিধি-১৪ তে বর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে সিআইপি সুবিধা ভোগ করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুল জব্বার**
সহকারী সচিব।

**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১০ এপ্রিল ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৫-২০৯**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭নং অর্ডার) এর ৯(৩)(বি) ও ১২(১)(বি) ধারা মোতাবেক ডেপুটি গভর্নর জনাব আবু হেনা মোহাঃ রাজী হাসান-কে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক এবং নির্বাহী কমিটির সদস্য হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১৬.১৫-২০৭**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ৭ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদে জনাব মোঃ আলী নূর, যুগ্ম-সচিব এর পরিবর্তে মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের বর্তমান যুগ্ম-সচিব জনাব মোঃ কামরুজ্জামান-কে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপ-সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ চৈত্র ১৪২২/০৩ এপ্রিল ২০১৬

**নং ২৩.০০.০০০০.১২০.১১.০০১.১৬-১১৯**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-১৩৮, তারিখ ৩১ মার্চ ২০১১ অনুযায়ী প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিরক্ষা খাত থেকে বেতনপ্রাপ্ত মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস) এর ২য় শ্রেণীর এডহকভিত্তিক বেসামরিক পদে (বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের আওতা-বহির্ভূত) সরাসরি নিয়োগের বিষয় বিবেচনার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হল:

**(ক) কমিটির গঠন:**

**সভাপতি**

(১) যুগ্ম-সচিব (পূঃ উঃ), প্রতিরক্ষা মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৩) অর্থ বিভাগের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি

(৪) সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর একজন প্রতিনিধি

(৫) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের উপ-পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি

(৬) প্রকৌশল উপদেষ্টা, বিশেষজ্ঞ প্রতিনিধি, প্রতিরক্ষা মন্ত্রণালয়

**সদস্য-সচিব**

(৭) উপ-সচিব ডি-১২ অধিশাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়

**(খ) কমিটির কার্যপরিধি:**

(১) এমইএস-এর সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে ২য় শ্রেণীর বেসামরিক পদে এডহক ভিত্তিতে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান;

(২) এমইএস-এর সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের আওতা-বহির্ভূত ২য় শ্রেণীর বেসামরিক পদে সরাসরি নিয়োগ প্রদানের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম ও সুপারিশ প্রদান।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ মোহাম্মদ জোবায়েদ হোসেন**
সিনিয়র সহকারী প্রধান।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ চৈত্র ১৪২২/১২ মার্চ ২০১৬

**নং ২৫.০১৮.০০৫.০২.০০.০২৫.২০১৪-৪৮**—যেহেতু, জনাব জাহিদ হোসাইন খান, উপ বিভাগীয় প্রকৌশলী (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা গত ১৬-০৭-২০১৩ তারিখ হতে ক্রমাগত ৬০(ষাট) দিনের অধিকাল অননুমোদিতভাবে কর্তব্য কর্মে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) ও (সি) উপবিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৭-১০-২০১৪ তারিখের ২৫.০১৮.০০৫.০২.০০.০২৫.২০১৪-২৭২ নং স্মারকে অভিযুক্তকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয়;

যেহেতু, জনাব জাহিদ হোসাইন খান উক্ত কারণ দর্শানোর কোন জবাব দাখিল করেননি। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মনিরুল হুদা, উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) ও (সি) উপবিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার নথি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে জনাব জাহিদ হোসাইন খান এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপ-বিধি (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from

service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে উক্ত বিধিমালার বিধি ৭ এর উপবিধি (৬) অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৪-১০-২০১৫ তারিখের স্মারক নং-২৫.০১৮.০০৫.০২.০০.০২৫.২০১৪-৩৩২ মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি, তাই তার বিরুদ্ধে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ এর উপবিধি (৭) মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের নিকট মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন হতে জনাব জাহিদ হোসাইন খান কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রস্তাবের সাথে একমত পোষণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) মোতাবেক বিনাঅনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার তারিখ অর্থাৎ ১৬-০৭-২০১৩ তারিখ হতে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে;

সেহেতু, জনাব জাহিদ হোসাইন খান, উপ বিভাগীয় প্রকৌশলী (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কে সরকারী কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) ও (সি) উপবিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগে দোষী সাব্যস্ত করো হলো এবং একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করা হলো।

এ আদেশ জাহিদ হোসাইন খান এর বিনাঅনুমতিতে অনুপস্থিতির তারিখ ১৬-০৭-২০১৩ হতে কার্যকর হবে।

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**বিমান শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ মার্চ ২০১৬

**নং ৩০.০০.০০০০.০১৭.০৬.০০১.৯৯(অংশ)-২৪৬**—গত ১১ জুলাই, ২০০৭ তারিখে জারিকৃত "Bangladesh Biman Corporation (Amendment) Ordinance, 2007" এর আলোকে করপোরেশন হতে পাবলিক লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর পরিচালনা পর্ষদ 'The Companies Act, 1994' এর আওতায় স্বাক্ষরিত Articles of Association of Biman Bangladesh Airlines Limited এর অনুচ্ছেদ ৩৮ অনুযায়ী বিমানের সার্বিক উন্নয়ন এবং কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ২০১৬ সালের জন্য নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (১) | এয়ার মার্শাল মোহাম্মদ ইনামুল বারী, বিবিপি, এনডিইউ, পিএসসি (পিআরএল ভোগরত) সাবেক বিমান বাহিনী প্রধান | চেয়ারম্যান |
| (২) | সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | পরিচালক |
| (৩) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | পরিচালক |
| (৪) | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পযর্টন মন্ত্রণালয় | পরিচালক |
| (৫) | জনাব মো: নজরুল ইসলাম খান, সাবেক সচিব (পিআরএল ভোগরত) | পরিচালক |
| (৬) | সহকারী বিমান বাহিনী প্রধান (অপারেশন এন্ড ট্রেনিং) | পরিচালক |
| (৭) | ইঞ্জিনিয়ার ইন চীফ, বাংলাদেশ সেনাবাহিনী | পরিচালক |
| (৮) | চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | পরিচালক |
| (৯) | জনাব তাপস কুমার রায়, অতিরিক্ত সচিব (পিআরএল ভোগরত), বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | পরিচালক |
| (১০) | ব্যারিস্টার তানজিবুল আলম, আইনজীবী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট | পরিচালক |
| (১১) | জনাব মোঃ সিদ্দিকুর রহমান, সভাপতি, বিজিএমইএ | পরিচালক |
| (১২) | জনাব নুর ই খোদা আব্দুল মবিন, এফসিএ, ব্যবস্থাপনা পরিচালক, ইমার্জিং রিসোর্সেস লিঃ, পার্ক রোড, বারিধারা, ঢাকা। | পরিচালক |
| (১৩) | ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড | পরিচালক (পদাধিকারবলে) |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিলুফার জেসমিন খান**
সিনিয়র সহকারী সচিব।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-জামস**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ এপ্রিল ২০১৬

**নং মশিবিম/শা-জামস/ জেঃ কমিটি-৭/৯৯(অংশ-৪)/৬৭**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলোঃ

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণী | নাম, পিতার নাম ও ঠিকানা | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম নাবিলা রুখছানা ছন্দা, পিতা-মৃত আবুল হোসেন জোয়ার্দ্দার, জোয়ার্দ্দার পাড়া, চুয়াডাঙ্গা। | চেয়ারম্যান |
| (২) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | মোছাঃ শেফালী খাতুন, পিতাঃ মৃত নবীছদ্দীন, নওদাপাড়া, নীলমনিগঞ্জ, চুয়াডাঙ্গা। | সদস্য |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম রোজীনা জোয়ার্দ্দার, পিতা-মোঃ রেজা হোসেন জোয়ার্দ্দার, জোয়ার্দ্দার পাড়া, চুয়াডাঙ্গা। | সদস্য |
| (৪) | ১০(১)(ঘ) | শিক্ষিকা | বেগম রাফিয়া খাতুন, পিতা-মৃত মোয়াজ্জেম হোসেন, কোর্টপাড়া, চুয়াডাঙ্গা। | সদস্য |
| (৫) | ১০(১)(ঙ) | সমাজসেবা | মোছাঃ সাহজাদী আলম (মিলি), পিতা-শেখ আব্দুল বারী, কোর্টপাড়া, চুয়াডাঙ্গা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্যে হতে ১নং ক্রমিকের বেগম নাবিলা রুখছানা ছন্দা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসিনা আক্তার খানম**
সহকারী সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ চৈত্র ১৪২২/১১ এপ্রিল ২০১৬

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৭.১৫-১০১**—যেহেতু জনাব আসিফ ইকবাল মোহাম্মদ ফয়সল (৬০১৯৫৭), নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ)(সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর কর্তৃক গত ০১-০৭-২০১৫ তারিখের ৭পি-৩৯/২০০৫-৮৪৮-ই সংখ্যক অফিস আদেশমূলে বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ মোতাবেক শারীরিক অসুস্থতাজনিত কারণে চিকিৎসা গ্রহণ ও চিকিৎসা পরবর্তী বিশ্রামের জন্য ০১-০৭-২০১৫ হতে ৩০-০৭-২০১৫ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। অতঃপর তিনি ০৬-০৭-২০১৫ তারিখে ছুটিতে গমন করেন;

যেহেতু তিনি গত ২৭-০৭-২০১৫ তারিখে ছুটি ভোগরত অবস্থায় অর্জিত ছুটি আরো ০৩ মাস বর্ধিতকরণের জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর বরাবর আবেদন করেন। তদপ্রেক্ষিতে, যুক্তিসংগত কারণ না থাকায় প্রধান প্রকৌশলী ছুটি বর্ধিত না করে তাঁকে কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করেন। কিন্তু উক্ত নির্দেশনা সত্ত্বেও তিনি কর্মক্ষেত্রে যোগদান না করে বিগত ০৬-০৮-২০১৫ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

যেহেতু অর্জিত ছুটি শেষ হওয়ার পর কর্মস্থলে যোগদান না করায় গত ০৮-০৯-২০১৫ তারিখের ৩৫.০০.০০০০.০২২.১৫.০৫৪.১৪-৭০৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু উপযুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-২(ডি) এর সংজ্ঞা অনুযায়ী ডিজারশন এবং একই বিধিমালার ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ এবং উক্তরূপ কার্যকলাপের জন্য তাঁকে একই বিধিমালার ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ২৯/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানীর আগ্রহও প্রকাশ করেননি বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৩) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপসচিব জনাব আনোয়ার হোসেন চৌধুরী-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তদীয় প্রতিবেদনে উল্লেখ করেন যে, জনাব আসিফ ইকবাল মোহাম্মদ ফয়সল (৬০১৯৫৭), নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-২(ডি) এর সংজ্ঞা অনুযায়ী ডিজারশন এবং একই বিধিমালার বিধি-২(এফ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, অভিযুক্ত কর্মকর্তা গত ১০-০২-২০১৬ তারিখ সুস্থতার সনদসহ চাকুরীতে যোগদান করেছেন। অপরদিকে ছুটি মঞ্জুর করা হয়নি বিধায় গত ০৫-০৮-২০১৫ তারিখ হতে যোগদানের পূর্বদিন অর্থাৎ ০৯-০২-২০১৬ তারিখ পর্যন্ত সময়কাল অননুমোদিত বা বিনা ছুটিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ সন্দেহাতীত-ভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু এক্ষণে, সুস্থতার সনদসহ কর্মস্থলে যোগদান করা এবং তদন্তে উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সার্বিক বিবেচনায় জনাব আসিফ ইকবাল মোহাম্মদ ফয়সল (৬০১৯৫৭), নির্বাহী প্রকৌশলী {(চঃদাঃ)(সাময়িকভাবে বরখাস্ত)}, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে বিভাগীয় মামলা নম্বর-২৯/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৫ চৈত্র ১৪২২/২৯ মার্চ ২০১৬

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১০-১২১**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম (সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়) কে বাংলাদেশ বাশাআপ এসোসিয়েশন এর সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১০-১২২**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক ঢাকা মহানগর পুলিশ এর অতিরিক্ত কমিশনার জনাব শেখ মোঃ মারুফ হাসান-কে বাংলাদেশ বাশাআপ এসোসিয়েশন এর সভাপতি নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিরাজুছ ছালেকীন**
সহকারী সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ চৈত্র ১৪২২/০৬ এপ্রিল ২০১৬

**নং ৩৬.০০.০০০০.০৮৪.১৪.০১০.১৫/১২০**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিক কর্তৃক বাস্তবায়নাধীন "পাবনা বিসিক শিল্পনগরী সম্প্রসারণ (১ম সংশোধিত)"-শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী ৭(সাত) সদস্য বিশিষ্ট নিম্নোক্ত প্লট বরাদ্দ কমিটি গঠন করা হল:

**(ক) কমিটির গঠন:**

**আহ্বায়ক**

(১) পরিচালক (প্রকল্প), বিসিক, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

(৩) জেলা প্রশাসক, পাবনা।

(৪) সভাপতি, পাবনা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ।

(৫) শিল্প সহায়ক কেন্দ্র প্রধান, বিসিক, পাবনা।

(৬) সভাপতি, নাসিব, পাবনা জেলা শাখা, পাবনা।

**সদস্য-সচিব**

(৭) প্রকল্প পরিচালক, পাবনা বিসিক শিল্প নগরী সম্প্রসারণ (১ম সংশোধিত), পাবনা।

**(খ) কমিটির কার্য-পরিধি:**

(১) প্রকল্পের বিশেষ ভূমি বরাদ্দ কমিটি শিল্প প্লটের মূল্য বরাদ্দ বিসিকের প্লট বরাদ্দ নীতিমালার সংশ্লিষ্ট অংশের আলোকে প্রদান করেব।

(২) বিসিক অনুমোদিত ভূমি বরাদ্দ পত্র এবং লিজ ডিড প্রোফরমায় বর্ণিত শর্তসমূহ পালনে ব্যর্থ হলে এ কমিটি বরাদ্দকৃত ভূমির বরাদ্দ বাতিল করতে পারবে।

(৩) ভূমি সদ্ব্যবহারের জন্য বর্ধিত সময় প্রার্থনা করলে তা এ কমিটি বিবেচনা করতে পারবে।

(৪) বরাদ্দকৃত প্লট, শিল্প ইউনিটের মালিকানা, কাঠামো ইত্যাদির পরিবর্তন বা হস্তান্তরের ক্ষেত্রে বিসিকের বিদ্যমান অন্যান্য শিল্পনগরীর ন্যায় অনুরূপ বিধি-বিধান প্রযোজ্য হবে।

(৫) প্লট বরাদ্দের ক্ষেত্রে কোন সমস্যার উদ্ভব হলে চেয়ারম্যান, বিসিক এপিলেট কর্তৃপক্ষ হিসেবে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবে।

(৬) প্রকল্পের মেয়াদ শেষ হলে বিসিকের বিদ্যমান প্লট বরাদ্দ নীতিমালা অনুযায়ী প্লট বরাদ্দ কার্যক্রম পরিচালিত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**
সিনিয়র সহকারী প্রধান।

**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ, ২৩ চৈত্র ১৪২২/০৬ এপ্রিল ২০১৬

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০০১.১০(অংশ-৩)-৯০**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "গ্রামীণ শিল্প উন্নয়ন (ডিআরআই)" ও "নকশাকেন্দ্র" শীর্ষক উপ-প্রকল্পদ্বয় হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত নিম্নবর্ণিত ৬(ছয়) ক্যাটাগরির ১৮(আঠার) টি অস্থায়ী পদ ০১-০৬-২০১৩ হতে ৩১-০৫-২০১৫ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে সংরক্ষণ এবং ০১-০৬-২০১৫ হতে ৩১-০৫-২০১৬ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি:—

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (ক) **গ্রামীণ শিল্প উন্নয়ন (ডিআরআই) উপ-প্রকল্প:** | | | |
| (১) | সহকারী হিসাব নিয়ন্ত্রক | ০১(এক) টি | ৩৫৫০০—৬৭০১০ (গ্রেড-৬) |
| (২) | সহকারী প্রকৌশলী | ০৮(আট) টি | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) |
| | মোট= | ০৯(নয়) টি | |
| (খ) **নকশাকেন্দ্র উপ-প্রকল্প:** | | | |
| (১) | কারু শিল্পী | ০৪(চার) টি | ৯০০০—২১৮০০ (গ্রেড-১৭) |
| (২) | নির্বাহী সহকারী | ০১(এক) টি | ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬) |
| (৩) | দারোয়ান | ০২(দুই) টি | ৮২৫০—২০০১০ (গ্রেড-২০) |
| (৪) | পিয়ন | ০২(দুই) টি | ৮২৫০—২০০১০ (গ্রেড-২০) |
| | মোট= | ০৯(নয়) টি | |
| | সর্বমোট= | ১৮(আঠার) টি | |

**শর্তসমূহ:**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(খ) চতুর্থ শ্রেণীর পদে যে সকল কর্মচারী কর্মরত আছেন সে সকল পদ পরবর্তীতে তাদের অবসর গ্রহণ, পদত্যাগ, অপসারণ, মৃত্যু বা অন্য কোন কারণে পদগুলো শূন্য হলে তা আউট সোর্সিং এর মাধ্যমে পূরণ করতে হবে; এবং

(গ) এতদ্‌বিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৪ শাখা**

**আদেশ**

তারিখ, ১৪ চৈত্র ১৪২২/২৮ মার্চ ২০১৬

**নং ৪১.০০০০.০০.০৩৬.২৭.০৯২.১৬.৩৩**—যেহেতু, জনাব মোঃ আতাউর রহমান, সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, পিরোজপুর (সংযুক্ত-উপজেলা সমাজসেবা কার্যালয়, মনপুরা, ভোলা)-এর বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম মাননীয় প্রধানমন্ত্রীর ব্যাঙ্গাত্মক ছবি তার ফেজবুকের টাইমলাইনে প্রকাশ করা;

যেহেতু, জনাব মোঃ আতাউর রহমান, সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, পিরোজপুর তার পূর্বতন কর্মস্থল শহর সমাজসেবা কার্যালয়, মেহেরপুরে কর্মরত থাকাকালে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেজবুকে মাননীয় প্রধানমন্ত্রীর ব্যাঙ্গাত্মক ছবি তার টাইমলাইনে প্রকাশের কারণে স্থানীয় জনসাধারণ এর বিরুদ্ধে বিক্ষোভ প্রকাশ ও সমাজসেবা কার্যালয় ঘেরাও করে এবং তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ না করার দাবী জানায়;

যেহেতু, তার এহেন ঔদ্ধত্য আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

যেহেতু, তার এ ধরণের আচরণে সমাজসেবা অধিদফতরের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে;

যেহেতু, তার এরূপ "অসদাচরণ'-এর কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১(১) মোতাবেক তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১(১) অনুসারে জনাব মোঃ আতাউর রহমান, সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, পিরোজপুর (সংযুক্ত-উপজেলা সমাজসেবা কার্যালয়, মনপুরা, ভোলা)-কে চাকরি হতে 'সাময়িক বরখাস্ত' (Suspension) করা হলো।

২। তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. চৌধুরী মোঃ বাবুল হাসান**
সচিব।

---

**আদেশ**

তারিখ, ০১ চৈত্র ১৪২২/১৫ মার্চ ২০১৬

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৮৮.১৫.২৬**—যেহেতু, জনাব মোঃ ইউসুফ আলী মিয়া, উৎপাদন তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), কারিগরী প্রশিক্ষণ কাম উৎপাদন কেন্দ্র, দত্তপাড়া, টঙ্গী, গাজীপুর-এর বিরুদ্ধে পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ডামুড্যা, শরীয়তপুর এবং উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুরের অতিরিক্ত দায়িত্ব পালন করেন। উক্ত দায়িত্ব পালনকালে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান আপনার বিরুদ্ধে অভিযোগ দাখিল করে। প্রাপ্ত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন দেওয়ার জন্য জনাব এম এম সুলতান মাহমুদ, যুগ্মসচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা এবং জনাব মোঃ ইকবাল হোসেন, উপপরিচালক (ভবঘুরে), সমাজসেবা অধিদফতর, ঢাকাকে তদন্তের নির্দেশনা দেয়া হয়; তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত কর্মকর্তাদ্বয় উল্লেখ করেছেন;

যেহেতু, তার জন্ম তারিখ এসএসসি সনদে ০১-০১-১৯৫৮ ও মুক্তিযোদ্ধা সনদে ০১-০১-১৯৫৪ উল্লেখ থাকায় জন্ম তারিখে গরমিল পরিলক্ষিত হয়; এবং

যেহেতু, জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০১২-২০১৩ অর্থ বছরে রোগীকল্যাণ সমিতির নামে বরাদ্দকৃত ৪০,০০০/-এবং স্থানীয়ভাবে সংগৃহিত ৬০,০০০/-সর্বমোট ১,০০,০০০/-রোগীকল্যাণ সমিতির নিয়ম অনুযায়ী যৌথ স্বাক্ষরে পরিচালনা না করে তিনি নিজেই একক স্বাক্ষরে পরিচালনা করেছেন; এবং

যেহেতু, জনাব মো: মুনসুর আহমেদ খলিফা, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, ডামুড্যা, শরিয়তপুর পূর্ববর্তী কর্মস্থলে দীর্ঘদিন অনুপস্থিত থাকা এবং ক্ষুদ্রঋণের অর্থ নিজের কাছে রেখে পরে ফেরৎ প্রদান করা সত্ত্বেও তিনি তার বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করে তাকে বেতন ভাতা প্রদান করেছেন; এবং

যেহেতু, তিনি জাতির জনকের ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবিকে পায়ের নীচে রেখে অপমান করেছেন; এবং

যেহেতু, তিনি জেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুর এর অফিস ভবনটি মেরামত না করে পরিত্যাক্ত দেখিয়ে তার স্ত্রীর নামের বাড়ীতে জেলা সমাজসেবা কার্যালয়, শরিয়তপুর ও শহর সমাজসেবা কার্যালয়, শরিয়তপুর ভাড়া নেন। এ জন্য সমাজসেবা অফিসের মাসিক প্রায় ৩০,০০০/-টাকা ভাড়া দিতে হয়। তিনি উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ডামুড্যা, শরীয়তপুর ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, শরীয়তপুরের অতিরিক্ত দায়িত্ব ছেড়ে উপজেলা সমাজসেবা অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ যাওয়ার সময় ডামুড্যা উপজেলা কার্যালয়ের একটি ল্যাপটপ, শহর সমাজসেবা কার্যালয়ের একটি ল্যাপটপ, জেলা সমাজসেবা কার্যালয়ের একটি ল্যাপটপ ও একটি ট্যাব বুঝিয়ে দিয়ে যাননি; এবং

যেহেতু, জনাব রহিমা বেগম, কারিগরী প্রশিক্ষক, ডামুড্যা, শরিয়তপুর এর বিরুদ্ধে ক্ষুদ্রঋণ তহবিলের ১,১৪,৮৬০/-টাকা আত্মসাৎ করার অভিযোগে বিভাগীয় মামলা দায়ের করা হয় এবং সকল প্রক্রিয়া শেষে তাকে 'সরকারি চাকরি হইতে অপসারণ' করা হয়, আত্মসাৎকৃত টাকা আদায়ের লক্ষ্যে ফৌজদারী মামলাও রুজু করা হয়। ফৌজদারী মামলায় রায় জনাব রহিমা বেগম এর পক্ষে যায় এবং তিনি চাকরি পুনর্বহালের আবেদন করেন, সমাজসেবা অধিদফতর জনাব রহিমা বেগমকে চাকরিতে পুনর্বহাল না করে উচ্চতর আদালতে আপীল করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা সত্ত্বেও তিনি জনাব রহিমা বেগমকে সুবিধা প্রদানের উদ্দেশ্যে সচেতনভাবে নিম্ন আদালতের রায়ের বিরুদ্ধে উচ্চতর আদালতে আপীল করেননি; এবং

যেহেতু, তার এহেন ঔদ্ধত্য, উদাসীনতা, অব্যবস্থাপনা, শৈথিলতা, অসদাচরণ এবং দুর্নীতি'র আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) ও (ডি) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ' এর সামিল এবং শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, উক্তরূপ 'অসদাচরণ' ও 'দুর্নীতিপরায়ণ'-এর কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১(১) মোতাবেক তাকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-১১(১) মোতাবেক জনাব মোঃ ইউসুফ আলী মিয়া, উৎপাদন তত্ত্বাবধায়ক (সহকারী পরিচালক), কারিগরী প্রশিক্ষণ কাম উৎপাদন কেন্দ্র, দত্তপাড়া, টঙ্গী, গাজীপুরকে চাকুরি হতে 'সাময়িক বরখাস্ত' (Suspension) করা হলো।

২। তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক খোরপোস ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. চৌধুরী মোঃ বাবুল হাছান**
সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**প্রশাসন অধিশাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ মার্চ ২০১৬

নং ৪৪.০০.০০০০.০২২.০০১.১১.২০১৩-৭৫—যেহেতু, আপনি জনাব মোঃ এহসান হাবীব, সহকারী রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা গত ২১-০৩-২০১২ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন মর্মে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্তরূপ অভিযোগের ভিত্তিতে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ-১৯৭৯ এর ৩(বি) ধারার আওতায় "ছুটি ব্যতিত বা কোন যৃক্তিসংগত কারণ ব্যতিত নিজ কর্ম হতে অনুপস্থিত থেকে নিজ কর্তব্য সম্পাদনে ব্যর্থ হওয়ার অভিযোগে" বিভাগীয় মামলার রুজু করা হয়;

যেহেতু, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১১-০৬-২০১৪ তারিখের ৪৪.০০.০০০০.০২২.০০১.০১১.২০১৩-২৮৭ নং স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী সম্বলিত কারণ দর্শানোর নোটিশ যথাযথ পদ্ধতিতে আপনার বরাবর জারি করা হয়; এবং যেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ-১৯৭৯ এর ৫(২) ধারার বিধানমতে উক্ত নোটিশ দুটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক (দৈনিক ইত্তেফাক ও দৈনিক সমকাল) পত্রিকায় প্রকাশ করা হয়;

যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে আপনার নিকট থেকে কোন প্রকার জবাব পাওয়া যায়নি; যেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান)-১৯৭৯ এর ৩(বি) ধারায় মামলায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) গুরুদণ্ড আরোপপূর্বক চাকরি হতে বরখাস্তকরণের (Dismissal from service) সিদ্ধান্ত গৃহীত হয়; যেহেতু, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ২২-১১-২০১৫ তারিখের ৮০.১০৬.০৩৪.০১.০০.০০৪.২০১৫-১৪৭ নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্মকমিশন আপনার বিরুদ্ধে প্রস্তাবিত দণ্ড আরোপের বিষয়ে একমত পোষণ করে;

এবং যেহেতু, কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কৃত অপরাধের জন্য সরকারি চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করার স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গৃহীত উক্ত সিদ্ধান্ত বাংলাদেশ সরকারী কর্মকমিশন এর মতামতের ভিত্তিতে মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, আপনি জনাব মোঃ এহসান হাবীব সহকারী রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা-কে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ-১৯৭৯ এর ৪(এ) ধারার অধীনে দোষী সাব্যস্ত করে চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) দণ্ড আরোপ করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ তার বিনা অনুমতিতে অনুপস্থিতির তারিখ ২১-০৩-২০১২ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

**আদেশ**

তারিখ, ২২ মার্চ ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০২২.০০১.০০২.২০১৪-৬৬**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত টাকা ১২,৫০০—৩০,২৩০/-(১১নং গ্রেড) এর পরিদর্শক পদটি এতদ্দ্বারা নিম্নেবর্ণিত শর্তাপেক্ষে টাঃ ১৬,০০০—৩৮,৬৪০/-(১০ম গ্রেড) এর দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদে উন্নীতকরণের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল:

**শর্তাবলী:**—

(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত তত্ত্বাবধায়ক পদ, উক্ত পদে বর্তমানে কর্মরত পদধারীর অবসর, পদত্যাগ, পদোন্নতি, অপসারণ, মৃত্যুজনিত কারণে শূণ্য হলে তা স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত বলে গণ্য হবে;

(খ) বর্তমান পদধারীগণ স্বয়ংক্রিয়ভাবে উন্নীত বেতনস্কেল ও দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা প্রাপ্য হবেন না। নির্ধারিত নিয়োগ যোগ্যতা সম্পন্ন কর্মচারীগণ সরকারী কর্মকমিশনের সুপারিশক্রমে উন্নীত বেতনস্কেল ও পদমর্যাদার পরিদর্শক পদে পদায়ন হবেন;

(গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিয়োগ বিধিমালার প্রয়োজনীয় সংশোধন আনয়ন করতে হবে;

(ঘ) এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রদত্ত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১-০৩-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৬১.১২.০৩৯.১০(ক)-৯৪ সংখ্যক ও অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫ এর ০৪-০৮-২০১৪ তারিখের ০৭.১৫৫.০১৫.৪৪.০৬.৩৪.০৮-৩০৯ সংখ্যক পত্রের সম্মতি, অর্থ বিভাগের বাস্তবায়ন অধিশাখা-১ এর ২৯-০৪-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৩.১২-৮৫ সংখ্যক পত্রের বেতনস্কেল ভেটিংসহ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির (মন্ত্রিপরিষদ বিভাগের ২০-০৯-২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২৪.১৫-২৭৪) অনুমোদন রয়েছে।

৩। জি, ও জারির তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হয়েছে।

**ফেরদৌস রওশন আরা**
উপসচিব।

**পুলিশ শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ চৈত্র ১৪২২/৪ এপ্রিল ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৯৬.০২.০০১.১১-২৩৯**—দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন এবং অপরাধ দমন, এজাহার গ্রহণ ও মামলার তদন্তকার্যে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সরকার নিম্নের তফসিলের তৃতীয় কলামে বর্ণিত ইউনিয়ন/ওয়ার্ডসমূহের সমন্বয়ে ৬ষ্ঠ কলামে বর্ণিত "উদালিয়া পুলিশ তদন্তকেন্দ্র" স্থাপন করলো:

| ক্রমিক নং | জেলা/ইউনিটের নাম | পৌরসভা/ইউনিয়ন/ওয়ার্ডের নাম | মৌজার নাম | জেএল নং | বর্তমান তদন্তকেন্দ্রের নাম | সদর দপ্তর |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (১) | চট্টগ্রাম | ৫নং হারুয়ালছড়ি ইউনিয়ন | পূর্ব ফটিকছড়ি | ৩১ | উদালিয়া পুলিশ তদন্তকেন্দ্র | ১১নং সুয়াবিল ইউনিয়নের, সুয়াবিল মৌজার ৪৫নং জেএল-এ স্থাপিত হবে। |
| | | | পশ্চিম আন্দারমানিক | ৩২ | | |
| | | | পশ্চিম ফটিকছড়ি | ৩৩ | | |
| | | | হারুয়ালছড়ি | ৩৪ | | |
| | | | জঙ্গল হারুয়ালছড়ি | ৩৫ | | |
| | | | রাঙ্গাপানি চা বাগাম | ৩৫ | | |
| | | | লট ১৩ সুজা নগর | ৩৬ | | |
| | | | সুজা নগর চা বাগান | ৩৬ | | |
| | | | পাটিয়ালছড়ি | ৩৭ | | |
| (২) | | ১১নং সুয়াবিল ইউনিয়ন | বারমাসিয়া | ৩৮ | | |
| | | | লট বারমাসিয়া | ৩৯ | | |
| | | | শোভনছড়ি | ৪০ | | |
| | | | লট ৭১ এ উদালিয়া | ৪২ | | |
| | | | হাজীরখিল | ৪৩ | | |
| | | | বেতুয়া | ৪৪ | | |
| | | | সুয়াবিল | ৪৫ | | |
| | | | পশ্চিম মন্দাকিনী | ৪৬ | | |
| | | | জঙ্গল শোভনছড়ি | ৪০ | | |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নূর-এ-মাহবুবা জয়া**
সিনিয়র সহকারী সচিব।

---

**কারা-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ চৈত্র ১৪২২/২২ মার্চ ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০২.১৫-১০২**—২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস, ২০১৬ উপলক্ষে মুক্তিযোগ্য কয়েদীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত ২৫(পঁচিশ) জন কয়েদীর অবশিষ্ট কারাদণ্ড ও জরিমানা দণ্ড মওকুফ করেছে:

| ক্রমিক নং | কয়েদী নম্বর, নাম, পিতার নাম ও বয়স | কারাগারের নাম |
|---|---|---|
| (১) | কয়েদী নং-৫৫২০/এ মোঃ আরিফ হোসেন, পিতা-মোঃ বাবুল হোসেন, বয়স-২৭ বছর। | নওগাঁ জেলা কারাগার |
